

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ তলা)
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২১.১৭(পাঁট-১)-২২৬

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ।
১৪ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ।

বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়স্বাধীন বস্ত্র অধিদপ্তর পরিচালিত ও বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক অনুমোদিত মেধা তালিকা, মুক্তিযোদ্ধা কোটা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ভর্তির যোগ্য প্রার্থীদের রোল নম্বর ক্রমানুযায়ী বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট (www.dot.gov.bd) ও বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ওয়েব সাইট (www.btec.gov.bd) তে প্রকাশ করা হয়েছে।

ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য নির্দেশাবলী

- ১। ভর্তির সময় এসএসসি ও ডিপ্লোমা পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
- ২। ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১(এক) কপি পাসপোর্ট সাইজের ও সত্যায়িত বিহীন ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।
- ৩। মেধা তালিকা হতে ১৮/১২/২০১৯ হতে ১৯/১২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ৯:০০ টা হতে বেলা ৪:৩০ টা পর্যন্ত কলেজের রেজিস্ট্রেশন শাখায় ভর্তি হতে হবে।
- ৪। ভর্তির জন্য ১৫,৫০০/- (পনের হাজার পাঁচ শত) টাকা শাহজালাল ইসলামীক ব্যাংক লিঃ, কালিহাতি, টাঙ্গাইল শাখায়, হিসাব নম্বর - ৪০৬০১১১০০০০০২৮১ জমা দিয়ে রশিদসহ ভর্তির ফরম ও অঞ্জীকারনামা সংগ্রহ পূর্বক যথাযথ ভাবে পূরণ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
- ৫। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
- ৬। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ
 - (ক) মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদ পত্রের মূল কপি প্রদর্শন পূর্বক এর ফটোকপি প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
 - (খ) মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানের ক্ষেত্রেঃ ক-এ বর্ণিত সনদপত্র ছাড়াও মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা, সিটি করপোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।
 - (ঘ) উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রেঃ রাজামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার/জেলা প্রশাসকের ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে উপ-জাতীয় সনদপত্রের মূল কপি জমা দিতে হবে। অন্যথায় ভর্তি হওয়া যাবে না।
- (ঙ) ২২/১২/২০১৯ তারিখ শূন্য আসনে অপেক্ষমান তালিকা হতে মেধা ভিত্তিক যোগ্য প্রার্থীদের ভর্তি করা হবে।

বিঃ দ্রঃ ভর্তির ফলাফল প্রকাশে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


১৪/১২/১৯

(মোঃ আব্দুস সালাম)
উপ-পরিচালক (শিক্ষা)
বস্ত্র অধিদপ্তর, ঢাকা

ও


সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২১.১৭(পাঁট-১)-২২৫

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ।
১৪ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপসচিব(বস্ত্র-১) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রফেসর ড. শাহ আলিমুজ্জামান বেলাল ডীন, ফ্যাকাল্টি অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়।
- ৩। অধ্যক্ষ, বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল।
- ৪। জনাব মোঃ কবির হোসেন পাটোয়ারী, সহকারী অধ্যাপক (ইলেক্ট্রিক্যাল), বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল।


(ফরিদা ইয়াছমিন)
সহকারী পরিচালক (শিক্ষা)
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।